

সম্প্রতি কিছু পত্রিকায় টিস্যু বাক্সে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক মুজিববর্ষের লোগো ব্যবহার করা সম্পর্কিত প্রকাশিত সংবাদ প্রসঙ্গে :

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের টিস্যু বাক্সে মুজিববর্ষের লোগো ব্যবহার করা হয়েছে বলে কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে। কিন্তু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মুজিববর্ষের লোগো সংবলিত কোনো টিস্যু বাক্স ক্রয় করেনি। মাউশির সাধারণ প্রশাসন শাখা কর্তৃক প্রদত্ত চাহিদা ও কারিগরি বিনির্দেশ মোতাবেক **Finance and Procurement** উইং থেকে অফিস স্টেশনারি কেনার প্রক্রিয়া সম্পন্ন করা হয়। টিস্যু বাক্স তার একটি আইটেম। কারিগরি বিনির্দেশে টিস্যু বাক্সে মুজিববর্ষের লোগো ব্যবহারের কথা বলা হয়নি। কেবল **DSHE** লোগো ব্যবহারের কথা বলা হয়েছে।

সংশ্লিষ্ট বিষয়ে গ্রহণ (Receive) কমিটির বক্তব্য :

নিয়মানুযায়ী সরবরাহ করার আগে সরবরাহকারী প্রতিষ্ঠান গ্রহণ কমিটির সদস্যদের নমুনা প্রদর্শন করে। সেই নমুনায় শুধুমাত্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের লোগো ব্যবহার করা হয়েছে। পরবর্তীতে সম্ভবত www.muji100.gov.bd ওয়েব সাইটের নির্দেশিকা অনুসারে স্টেশনারীতে মুজিব বর্ষের লোগো ব্যবহারের কথা অনুযায়ী স্বতঃপ্রণোদিত হয়ে সরবরাহকারী প্রতিষ্ঠান মুজিববর্ষের লোগো সম্বলিত কিছু টিস্যু বাক্স মাউশি স্টোরে রেখে যায়। এ টিস্যু বাক্সগুলো সংশ্লিষ্ট **Receive Committee** গ্রহণ করেনি। এ বিষয়ে এখনো কোনো মিটিং হয়নি। যে কোন সরবরাহকৃত পণ্য গ্রহণের পূর্বে এ কমিটি সভা করে সিদ্ধান্ত নিয়ে থাকে। এ টিস্যু বাক্সগুলো স্টোর রুমে ছিল বলে চাহিদা অনুযায়ী স্টোর কিপার কয়েকটি টিস্যু বাক্স সরবরাহ করে।

বিষয়টি নজরে আসা মাত্র কর্তৃপক্ষ টিস্যু বাক্স গুলো প্রত্যাহার করে নেয়ার ব্যবস্থা গ্রহণ করে। টিস্যু বাক্সে এ লোগো ব্যবহার সমীচীন না হওয়ায় ইতোমধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে এ লোগো ব্যবহার না করার নির্দেশনা দেয়া হয়েছে।

সংশ্লিষ্ট বিষয় নিয়ে মাননীয় মন্ত্রী মহোদয় ও উপমন্ত্রী মহোদয় দ্বুত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। এছাড়াও বিষয়টি খতিয়ে দেখার জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর